

# যুগান্তর

প্রিন্ট: ০৩ নভেম্বর ২০২৫, ১১:১৩ এএম

জাতীয়

## এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীর বেতন কখন, জানালা মাউশি



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০২ নভেম্বর ২০২৫, ০৫:৪১ পিএম



ফাইল ছবি

বেসরকারি স্কুল-কলেজে কর্মরত এমপিওভুক্ত পৌনে চার লাখ শিক্ষক-কর্মচারীর অক্টোবর মাসের বেতনের প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। আজ বা কাল (সোমবার) বেতনের সরকারি আদেশ (জিও) জারি হতে পারে। এরপর তারা অক্টোবর মাসের বেতন পাবেন বলে জানা গেছে।

রোববার (২ নভেম্বর) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (ইএমআইএস) সেল সূত্র এ তথ্য জানিয়েছে।

জানা যায়, অক্টোবর মাসের বেতনের জিও আজ অথবা আগামীকাল সোমবার জারি হতে পারে। এরপর এটি বাংলাদেশ ব্যাংক হয়ে সংশ্লিষ্ট ব্যাংকগুলোতে শিক্ষক-কর্মচারীদের বেতনের চেক যাবে। আগামী মঙ্গলবার (৪ নভেম্বর) ব্যাংক থেকে টাকা তোলা যাবে। কোনো কারণে ওইদিন টাকা তুলতে না পারলে পরদিন বুধবার পৌনে চার লাখ শিক্ষক-কর্মচারি অক্টোবর মাসের বেতন-ভাতা তুলতে পারবেন।

জানা গেছে, প্রতি মাসে শিক্ষক-কর্মচারীদের বেতনের প্রস্তাব পাঠায় প্রতিষ্ঠান প্রধান। অনলাইন বিল দাখিলের পর তা যাচাই-বাছাই শেষে অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে বেতনের অর্থ ছাড়ের ব্যবস্থা করা হয়। অর্থ মন্ত্রণালয়ের চূড়ান্ত অনুমোদনের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা ব্যাংকে পাঠানো হয়।

উল্লেখ্য, এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা নিয়মিত প্রদান নিশ্চিত করতে সরকার ডিজিটাল বিল দাখিল ও অনুমোদনের প্রক্রিয়া চালু করেছে, যার ফলে এখন বেতন-ভাতা প্রক্রিয়াকরণ আরো দ্রুত ও স্বচ্ছ হচ্ছে।

